৬৯৮

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ৬৫৫/১৩ তারিখ ০১/১০/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
রামপুরা, ঢাকা

"জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী"

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নুরুল আজম<br>জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব) |
| তারিখ | : | ২৯-০৯-২০২৪ খ্রি. |
| সময় | : | বেলা ২:০০ টায় |
| স্থান | : | ঢাকা কেন্দ্রের সভাকক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে ঢাকা কেন্দ্রের সহকারী পরিচালক (প্রশাসন) ৪র্থ প্রান্তিক (এপ্রিল/২০২৪-জুন/২০২৪) মাসের কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০২। সভায় বিটিভি ঢাকা কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ প্রান্তিক (এপ্রিল/২০২৪-জুন/২০২৪) এর কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ১ম প্রান্তিক (জুলাই/২০২৪-সেপ্টেম্বর/২০২৪) এর বাস্তবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রমসমূহ আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্মকর্তা/সদস্য |
|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২৪) অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২৪) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনাপূর্বক অনুমোদন করা হয়।<br>**সিদ্ধান্ত**: ৪র্থ প্রান্তিক (এপ্রিল-জুন/২০২৪) বাস্তবায়ন অগ্রগতি সদর দপ্তরে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২. | নথি বিনষ্টকরণ কার্যক্রম | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ কর্মপরিকল্পনার ১.৫ ক্রমিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম প্রান্তিক (জুলাই/২০২৪-সেপ্টেম্বর/২০২৪) এর কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে নথি বিনষ্টকরণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত**: ছাদে শীতাতপ যন্ত্র (AHU) কক্ষে সংক্ষিত নথি পরিদর্শন করে কমিটির মাধ্যমে বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩. | পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রম | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ কর্মপরিকল্পনার ১.৫ ক্রমিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম প্রান্তিক (জুলাই/২০২৪-সেপ্টেম্বর/২০২৪) এর কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রমের জন্য ঢাকা কেন্দ্রের বিভিন্ন কক্ষ পরিদর্শন করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত**: কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক বিভিন্ন কক্ষ পরিদর্শনপূর্বক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও গতিশীল করার লক্ষ্যে প্রয়োজনীয় পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

০৩। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-
নুরুল আজম
জেনারেল ম্যানেজার
(চলতি দায়িত্ব)

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | ☐ উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | ☐ কথা বলুন |
| পিএ | ☐ তাগিদ দিন |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

০১/১০/২৪

০১/১০/২০২৪

নং-১৫.৫৪.৩০২৫.০২১.০৫.০০৪.২৪.২৫০,২(৭)

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩১
৩০ সেপ্টেম্বর ২০২৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. মুখ্য বার্তা সম্পাদক, বিটিভি, ঢাকা কেন্দ্র।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিটিভি, সদর দপ্তর, রামপুরা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত পরিচালক (অর্থ), বিটিভি, ঢাকা কেন্দ্র।
৪. কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (প্রশাসন), বিটিভি, ঢাকা কেন্দ্র।
৫. নিয়ন্ত্রক (ডিজাইন/প্রকৌশল/ক্যামেরা), বিটিভি, ঢাকা কেন্দ্র।
৬. মুখ্য চিত্রগ্রাহক (বার্তা),বিটিভি, ঢাকা কেন্দ্র।
৭. উপ-পরিচালক (প্রশাসন), বিটিভি, ঢাকা কেন্দ্র।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

১. জেনারেল ম্যানেজার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা কেন্দ্র, রামপুরা, ঢাকা।
২. কার্যালয় নথি।

৩০/০৯/২০২৪
(মোঃ শফিউল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-১)